# এশিয়া কাপ শেষে আফগানিস্তানের সাথে দ্বিপাক্ষিক সিরিজ খেলবে বাংলাদেশ, সূচি ঘোষণা আফগানিস্তানের



সংগৃহীত ছবি

আগামী ৯ সেপ্টেম্বর সংযুক্ত আরব আমিরাতে শুরু হচ্ছে এশিয়া কাপ টি-টোয়েন্টি। ২০ ওভারের এই প্রতিযোগিতা চলবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। টুর্নামেন্ট শেষে বাংলাদেশ একই ভেন্যুতে আফগানিস্তানের বিপক্ষে দ্বিপক্ষীয় সিরিজ খেলবে।

শনিবার (১৬ আগস্ট) আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি) সিরিজের পূর্ণাঙ্গ সূচি ঘোষণা করেছে। অনুযায়ী, প্রথম টি-টোয়েন্টি হবে ২ অক্টোবর, বাকি দুই ম্যাচ যথাক্রমে ৪ ও ৬ অক্টোবর। ওয়ানডে সিরিজ শুরু হবে ৯ অক্টোবর, দ্বিতীয় ও তৃতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ১১ ও ১৪ অক্টোবর।

এসিবির প্রধান নির্বাহী নাসীব খান সিরিজকে ঘিরে উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তিনি বলেন, “বাংলাদেশের সঙ্গে এই সিরিজ আয়োজন করতে পেরে আমরা গর্বিত। এটি আমাদের পারস্পরিক সম্পর্ককে আরও দৃঢ় করছে এবং প্রমাণ করছে—নিরপেক্ষ ভেন্যুতেও দর্শকদের মানসম্মত ক্রিকেট উপহার দেওয়া সম্ভব।”

এশিয়া কাপেই দুই দলের মুখোমুখি লড়াই হবে। ১৬ সেপ্টেম্বর ‘বি’ গ্রুপের ম্যাচে বাংলাদেশ আফগানিস্তানের সঙ্গে খেলবে। যদি টাইগাররা সুপার ফোরে জায়গা করে নেয়, তবে একটানা দুই টুর্নামেন্ট শেষে দেশে ফিরবে তারা।

দ্বিপক্ষীয় সিরিজটি মূলত গত বছরের স্থগিত হওয়া সিরিজের অংশ। ২০২৪ সালের জুলাইয়ে দুই দলের মধ্যে দুটি টেস্ট, তিনটি ওয়ানডে ও তিনটি টি-টোয়েন্টি হওয়ার কথা থাকলেও অতিরিক্ত সূচির কারণে তা স্থগিত হয়। এবার সংযুক্ত আরব আমিরাতে তা আয়োজন করা হচ্ছে।

আফগানিস্তান সিরিজের পরে বাংলাদেশ ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিনটি টি-টোয়েন্টি ও সমান সংখ্যক ওয়ানডে খেলবে।

LENS ASIA